

মূল পাতা

যোগাযোগ

বর্তমান সংখ্যা

ঢাকা, শনিবার, ২৭ অক্টোবর ২০০৭, ১২ কার্তিক ১৪১৪, ১৪ শাওয়াল ১৪২৮
বর্ষ ৯, সংখ্যা ৩৪৬, আপডেট : বাংলাদেশ রাত ৩টা ২০ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র

ফিচার পাতা

- ▶ ছুটির দিনে
- ▶ কাজের খবর

মূল পাতা

+ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

পরের সংবাদ ▶

সাইবার ক্রাইম নিয়ে ছয় দেশের পুলিশের কর্মশালা হচ্ছে

নিজস্ব প্রতিবেদক

সাইবার ক্রাইম, অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে যেসব অপরাধ হয়, তা নিয়ে ছয় দেশের পুলিশ বাহিনীর বিশেষ কর্মশালা শুরু হচ্ছে। তিন দিনের এ কর্মশালা ৫ নভেম্বর থেকে রাজধানী ঢাকায় শুরু হবে।

পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, সাগতিক বাংলাদেশ ছাড়াও অস্ট্রেলিয়া, হংকং, শ্রীলঙ্কা, নেপাল ও মিয়ানমারের পুলিশ বিভাগের কর্মকর্তারা কর্মশালায় অংশ নেবেন। এতে বাংলাদেশ পুলিশের পক্ষে মূল প্রতিবেদন উপস্থাপন করবেন পুলিশের বিশেষ শাখার সুপার শাহ আলম। দেশে ইন্টারনেট ব্যবহার এবং এর মাধ্যমে যেসব অপরাধ হতে পারে, তা মোকাবিলায় পুলিশের করণীয় এতে তুলে ধরা হবে।

পুলিশ সংস্কার প্রকল্পের পরিচালক ও পুলিশের অতিরিক্ত উপ-মহাপরিদর্শক নববিক্রম কিশোর ত্রিপুরা প্রথম আলোকে জানান, ইন্টারনেট অপরাধ মোকাবিলায় অস্ট্রেলিয়া ফেডারেল পুলিশ সবচেয়ে বেশি সফল হয়েছে। তারা এসব পরিস্থিতি মোকাবিলায় আধুনিক ও যুগোপযোগী পরিকল্পনা করেছে। কর্মশালায় অস্ট্রেলিয়া পুলিশের ইন্টারনেট অপরাধ বিভাগের কর্মকর্তারা এ বিষয়ে আলোচনা করবেন।

প্রকল্প পরিচালক বলেন, 'এই মুহূর্তে ইন্টারনেট অপরাধ আমাদের মাথাব্যথার কারণ না হলেও ভবিষ্যতে এটিই বড় সমস্যা হয়ে দেখা দিতে পারে। এ কারণে আগাম প্রস্তুতি নেওয়া হচ্ছে।'

সূত্র জানায়, পুলিশ সংস্কার প্রকল্পের মাধ্যমে এ কর্মশালার আয়োজন করা হয়েছে। জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) ও ডিএফআইডি সংস্কার প্রকল্পে অর্থ জোগান দিচ্ছে। সংস্কার প্রকল্পের আওতায় এরই মধ্যে মডেল থানা সহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

বিবিধ

বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

৯৭৯

জন পাঠক

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Editor : Matur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**

Concept & Design by JITU